



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং ৫৭.২৫.০০০০.০০৫.০৪.০১৬.১৮ - ৩২৫

তারিখ: ১৮.১০.২০১৮ খ্রি:।

বিষয় : কনটেম্পট পিটিশন নং-৬২/১০১৬ এর প্রেক্ষিতে মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৪০১১/২০১২ মামলায় ১৯.০২.২০১৪ খ্রি. তারিখের রায়/আদেশ অনুযায়ী জামালপুর জেলার মেলাদহ উপজেলাধীন মালঞ্চ আল আমিন জামিরিয়া কামিল মাদ্রাসায় কর্মরত তিনজন প্রভাষক যথাক্রমে জনাব মো: আব্দুর রহিম প্রভাষক (আরবী), জনাব মো: আব্দুল মালেক, প্রভাষক (আরবী) এবং জনাব মো: শওকত আলী, প্রভাষক (আরবী) কে জানুয়ারী/২০১১ মাস হতে ডিসেম্বর/২০১১ পর্যন্ত মোট ১২ মাসের বকেয়া পরিশোধ প্রসঙ্গে।

সূত্র: (১) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং ৫৭.২৫.০০০০.০০৫.১১.০০২.১৭-১৪৯

তারিখ: ০৩/০৫/২০১৮ খ্রি:।

(২) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০৪.৪৩৪ (অংশ).১২-২০৩

তারিখ: ০২/১০/২০১৮ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, জামালপুর জেলার মেলাদহ উপজেলাধীন মালঞ্চ আল আমিন জামিরিয়া কামিল মাদ্রাসার ০৩ (তিন) জন প্রভাষক এবং বিভিন্ন কলেজের ২৬ (ছাব্বিশ) জন প্রভাষক সহ মোট ২৯ জন প্রভাষক কর্তৃক জানুয়ারী/২০১১ মাস হতে ডিসেম্বর/২০১১ মাস পর্যন্ত মোট ১২ মাস সময়ের জন্য ৭ম গ্রেডে (তৎকালীন ১৫,০০০/- স্কেলে) বকেয়া বেতন ভাতা দাবি করে মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৪০১১/২০১২ দায়ের করা হয়।

০২. বর্ণিত রিট পিটিশন মামলায় (৪০১১/২০১২) গত ১৯.০২.২০১৪ খ্রি. তারিখে প্রদত্ত রায় পিটিশনার গণের অনুকূলে হওয়ায় সরকার কর্তৃক সিভিল পিটিশন ফর লিড টু আপিল দায়ের করা হয় যার নং-১৫৮৭/২০১৬। উল্লেখ্য যে, উক্ত আপিল মামলার রায়ও সরকারের প্রতিকূলে হয়।

০৩. রায় বাস্তবায়নের নিমিত্ত সূত্রে বর্ণিত ০১ নং স্মারকের মাধ্যমে জামালপুর জেলার মেলাদহ উপজেলাধীন মালঞ্চ আল আমিন জামিরিয়া কামিল মাদ্রাসায় কর্মরত তিনজন প্রভাষক যথাক্রমে জনাব মো: আব্দুর রহিম প্রভাষক (আরবী), জনাব মো: আব্দুল মালেক, প্রভাষক (আরবী) এবং জনাব মো: শওকত আলী, প্রভাষক (আরবী) কে বর্তমান বাজেট বরাদ্দ হতে বকেয়া বেতন ভাতা পরিশোধের বিষয়ে নির্দেশনা চাওয়া হলে সূত্রে বর্ণিত ০২ নং স্মারকের মাধ্যমে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক বকেয়া পরিশোধের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।

০৪. জামালপুর জেলার মেলাদহ উপজেলাধীন মালঞ্চ আল আমিন জামিরিয়া কামিল মাদ্রাসার বর্ণিত ০৩ (তিন) জন প্রভাষকের বকেয়ার হিসাব নিম্নরূপ:

ক্রমিক নং	পিটিশনারদের সিরিয়াল নাম্বার	শিক্ষকগণের নাম	পদবী ও বিষয়	ইনডেন্স নং	জানুয়ারী/২০১১ থেকে ডিসেম্বর/২০১১ পর্যন্ত মোট ১২ (বার) মাসের পাওনা টাকার পরিমান			মন্তব্য
					পূর্বের স্কেল	প্রাপ্য স্কেল (টাইম স্কেল)	মোট পাওনা	
০১	১৯	মো: আব্দুর রহিম	প্রভাষক (আরবী)	৩৪২০৬০	১২,০০০/-	১৫,০০০/-	৩৬,০০০/-	
০২	২০	মো: আব্দুল মালেক	প্রভাষক (আরবী)	৩৩০৮৩১	১২,০০০/-	১৫,০০০/-	৩৬,০০০/-	
০৩	২১	মো: শওকত আলী	প্রভাষক (আরবী)	৬৪৫৬৪২	১১,০০০/-	১৫,০০০/-	৪৮০০০/-	

০৫. এমতাবস্থায়, কনটেম্পট পিটিশন নং-৬২/১০১৬ এর প্রেক্ষিতে মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৪০১১/২০১২ মামলায় ১৯.০২.২০১৪ খ্রি. তারিখের রায়/ আদেশ অনুযায়ী জামালপুর জেলার মেলাদহ উপজেলাধীন মালঞ্চ আল আমিন জামিরিয়া কামিল মাদ্রাসায় কর্মরত তিনজন প্রভাষক যথাক্রমে জনাব মো: আব্দুর রহিম প্রভাষক (আরবী), জনাব মো: আব্দুল মালেক, প্রভাষক (আরবী) এবং জনাব মো: শওকত আলী, প্রভাষক (আরবী) কে জানুয়ারী/২০১১ মাস হতে ডিসেম্বর/২০১১ পর্যন্ত মোট ১২ মাসের বকেয়া ০৪ নং অনুচ্ছেদ অনুযায়ী বর্তমান বাজেট বরাদ্দ হতে পরিশোধ করার জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মহাপরিচালক,
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
১৬, আব্দুল গনি রোড, ঢাকা।

NA 18.10.18
নাজনীন সুলতানা
সহকারী পরিচালক (অডিট ও আইন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি:

০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন (৯ম তলা), সচিবালয় লিংক রোড, ঢাকা।
০২. জেলা শিক্ষা অফিসার, জামালপুর।
০৩. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক শাখা, মেলাদহ, জামালপুর।
০৪. মো: আব্দুর রহিম, মো: আব্দুল মালেক, মো: শওকত আলী (প্রভাষক আরবী), মালঞ্চ আল আমিন জামিরিয়া কামিল মাদ্রাসা, উপজেলা: মেলাদহ জেলা: জামালপুর।
০৫. অফিস কপি।

